দৈনিক বাংলা

তারিখ 19 FEB 1995
পৃষ্ঠা ১ কলাম ৫

110

# ঢাকা ভার্সিটিতে আজ ছাত্রীরা ধর্মঘট ডেকেছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আজ রোববার ছাত্রছাত্রী ধর্মঘট।

সন্ধ্যার পর একটি নির্দিষ্ট সময় পর্যন্ত ছাত্রী হল গেট খুলে রাখা, প্রক্টরিয়াল ও বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সংশোধনের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩টি হলের আবাসিক ছাত্রীরা এই ধর্মঘটের আহবান জানিয়েছে। ইতিমধ্যে বিভিন্ন ছাত্রসংগঠনের নেতৃবৃন্দ ছাত্রীদের এই ছাত্র ধর্মঘটের প্রতি সমর্থন ব্যক্ত করেছে।

## ক্যাম্পাসে ছাত্রী সমাবেশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক ছাত্রীরা শনিবার ক্যাম্পাসে বিক্ষোভ ও সমাবেশ করে।

অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত এ সমাবেশে ছাত্রী আন্দোলনের সঙ্গে একা-

(৫-এর পৃঃ দ্রঃ)

## ধর্মঘট ডেকেছে

(প্রথম পৃষ্ঠার পর)

ত্মতা প্রকাশ করে বক্তৃতা করেন ছাত্রদলের মনির হোসেন, ছাত্রলীগ (শা-পা) বাহাদুর বেপারী, ছাত্র ইউনিয়নের আসলামউদ্দীন, ছাত্রীদের মধ্যে শাহানাজ সুমী, কোহিনুর আলম ও শাপলা।

ছাত্রী নেতৃবৃন্দ বলেন, তসলিমাকে নিয়ে ছিনিমিনি খেলা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের নিয়ে এ ধরনের কোন মনোভাব কেউ পোষণ করে থাকলে তার পরিণতি ভয়াবহ হবে বলে উল্লেখ করেন।

নেতৃবৃন্দ ঈদের পরে মুখে কাপড় বেঁধে মিছিল, গণস্বাক্ষর সংগ্রহ করা হবে বলে সমাবেশে জানান হয়।

নেতৃবৃন্দ বলেন, ছাত্রীরা আনুষ্ঠানিক ঘোষণা না দেয়া পর্যন্ত মাঠ ত্যাগ করবেন।

তারা আজকের ধর্মঘট সফল করার জন্য সকলের প্রতি আহবান জানান।

বাংলা 'ল' স্টুডেন্টস এ্যাসোসিয়েশন, বাংলাদেশ 'ল' স্টুডেন্টস এ্যাসোসিয়েশনের আহবায়ক সেলিম মাহামুদ, যুগ্ম আহবায়ক হাফিজুর রহমান কার্জন ও সদস্য সচিব প্রশান্ত বড়ুয়া এক যুক্ত বিবৃতিতে ছাত্রীদের সকল দাবি মেনে নেয়ার জন্য কর্তৃপক্ষের প্রতি আহবান জানিয়েছেন।

ছাত্রী ফেডারেশন ও ছাত্র ঐক্য ফোরাম অনুরূপ বিবৃতিতে ছাত্রীদের দাবি মেনে নেয়ার আহবান জানিয়েছেন।